

নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

জনগণের নিকট থেকে বায়'আত গ্রহণ (البيعة العامة)

মক্কা বিজয়ের দ্বিতীয় দিন হাযার হাযার লোক ছাফা পাহাড়ের পাদদেশে জমা হ'তে থাকে আল্লাহর রাসূল (ছাঃ)- এর হাতে ইসলামের বায়'আত নেবার জন্য। রাসূল (ছাঃ) ছাফা পাহাড়ের শীর্ষে দাঁড়িয়ে প্রার্থনা শেষে উপবেশন করলেন এবং ওমর (রাঃ) তাঁর নীচে বসলেন জনগণের বায়'আত নেবার জন্য'।[1] আসওয়াদ বিন খালাফ (রাঃ) বলেন, আমি ঐ দিন রাসূল (ছাঃ)-কে ছোট-বড় নারী-পুরুষ সকলের নিকট থেকে বায়'আত নিতে দেখেছি ইসলাম ও কালেমা শাহাদাতের উপরে'।[2]

মক্কা বিজয়ের দিন ইসলাম, ঈমান ও জিহাদের উপরে বায়'আত গ্রহণ করা হয়। হিজরতের উপরে নয়। কেননা রাসূল (ছাঃ) ঐ দিন বলেন, ﴿ السُّ تُنْفِرْ تُمْ فَانْفِرُ السُّ تُنْفِرْ تُمْ فَانْفِرُ السُّتُنْفِرْ تُمْ فَانْفِرُ السُّتُنْفِرْ تُمْ فَانْفِرُ السُّتُنْفِرْ بُهُ ﴿ 'মক্কা বিজয়ের পর কোন হিজরত নেই। তবে জিহাদ ও জিহাদের নিয়ত বাকী রইল। যখন তোমাদেরকে আমীরের পক্ষ থেকে জিহাদে বের হ'তে বলা হবে, তখন তোমরা বের হবে'।[3] কারণ মক্কা এখন দারুল ইসলামে পরিণত হয়েছে। ইবনু ওমর (রাঃ) বলেন, মক্কা বিজয়ের পর হিজরতের নির্দেশ রহিত হয়েছে। কিন্তু দারুল কুফর থেকে হিজরত রহিত হয় নি। অতএব মুসলমানদের উপরে হিজরত ওয়াজিব হবে, যখন তার দ্বীন পালনে বাধা সৃষ্টি হবে' (ফাংহুল বারী হা/৩৯০০-এর ব্যাখ্যা)।

ফুটনোট

[1]. ইবনু হিশাম ২/৪১৬; আর-রাহীক ৪০৮ পৃঃ; ফিক্ত্স সীরাহ, ৩৯৯ পৃঃ সনদ ছহীহ।

প্রসিদ্ধ আছে যে, এই সময় রাসূল (ছাঃ) সকলের নিকট থেকে বায়'আত নেন সাধ্যমত শ্রবণ ও আনুগত্যের উপরে' (عَلَى السَّمْعِ وَالطَّاعَةِ لِلَّهِ وَلِرَسُولِهِ فِيمَا اسْتَطَاعُوا) ইবনু জারীর এটি বিনা সনদে অথবা কাতাদাহ থেকে 'মুরসাল' সূত্রে বর্ণনা করেছেন। ফলে বর্ণনাটি যঈফ (আলবানী, ফিকহুস সীরাহ ৩৮৬ পৃঃ; আর-রাহীক ৪০৮ পৃঃ; ঐ, তা'লীক ১৭৫ পৃঃ)। তবে বায়'আতের ঘটনাটি বিশুদ্ধভাবে প্রমাণিত (মুসলিম হা/১৮৬৩ (৮৪)।

- [2]. আহমাদ হা/১৫৪৬৯, সনদ হাসান; হাকেম হা/৫২৮৩, যাহাবী চুপ থেকেছেন।
- [3]. বুখারী হা/২৮২৫; মুসলিম হা/১৩৫৩।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5596



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন